



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বি/১৫/জামা/১২৯

তারিখ : ২৩/০৮/২০২৩ খ্রি.

বিষয় : মাধ্যমিক বিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র-০১ : বোর্ডের মঞ্জুরী কমিটির ২৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখের ৪র্থ সভার সিদ্ধান্ত।

সূত্র-০২ : শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০০৬.০১১.২০২২-৩২৫

তারিখ : ০৮/১২/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে “নিচিন্তপুর কাতলামারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়” কে মাধ্যমিক (৯ম-১০ম শ্রেণি) পর্যায়ের ০১/০১/২০২৩ হতে ৩১/১২/২০২৫ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

১. মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২. নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত বিদ্যালয়ের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। কোন অবস্থায় ভাড়া বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৩. বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
৪. বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের পূর্বানুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
৫. বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম, ঠিকানা, এবং EIIN ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে প্রয়োজনীয় ফি-সহ বোর্ডে দাখিল করতে হবে।
৬. বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
৭. বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
৮. সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
৯. বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
১০. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
১১. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ /

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রাপক : প্রধান শিক্ষক

নিচিন্তপুর কাতলামারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (EIIN-110042)

উপজেলা- মাদারগঞ্জ, জেলা- জামালপুর।

স্মারক নং- ১২৯ (১২)

তারিখ : ২৩/০৮/২০২৩ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, ময়মনসিংহ শিক্ষা বোর্ড।
৬. উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৭. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর।
৯. সভাপতি, পরিচালনা কমিটি, নিচিন্তপুর কাতলামারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদারগঞ্জ, জামালপুর।
১০. সহকারি প্রোগ্রামার, ময়মনসিংহ শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও প্রয়োজনীয় কার্যার্থে)
১১. পি এস টু চেয়ারম্যান, অত্র বোর্ড।
১২. অফিস কপি।

Didarul Islam
23, 08, 2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

[Signature]